মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০২০ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর **২০২০** **প্রতিবেদন** প্রস্তুতের তারিখ: ১৬ নভেম্বর **২০২০**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৬	২৭৩	১৪৩
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	১,০২৬	১,০৭৪
মোট	২,৫৬২	১,২৯৯	১,২১৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্তসচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩২	৩৯	৩৬	৩৬	১৪৩
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৮	৩৩৮	২২৯	১৩৯	১,০৭৪*
মোট	-	-	৪০০	৩৭৭	২৬৫	১৭৫	১,২১৭

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	০১	-	১। ২৪ অক্টোবর ২০২০ তারিখে ই-নামজারি কার্যক্রম পর্যালোচনার জন্য সাভার উপজেলা পরিদর্শন করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়)ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Support to the Central Management Committees (CMC) Policy Guidance on child component of the NSSS	ডিপিএ: ৯৫.০০ জিওবি: ৬.০০ মোটঃ ১০১.০০	০৩.৭৯ (৩.৭৬ শতাংশ)	-	-	-
Promoting Nutrition Sensitive Social Security Programmes	ডিপিএ: ৩৫.০০ জিওবি: ০.০০ মোটঃ ৩৫.০০	১.৮১ (৫.১৭ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase)	ডিপিএ: ০.৩৯ জিওবি: ০.১০ মোটঃ ০.৪৯	০.০৭২৮ (১৪.৮৫ শতাংশ)	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটেজবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	০.৩৯৫	-	-	১৪টি আপত্তির মধ্যে ০৭টি মামলা সংক্রান্ত	মন্ত্রিপরিষদ বিভাগের নিরীক্ষা কাজ ৩০ জুন ২০১৮ পর্যন্ত সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষায় ০৭টি অডিট আপত্তি দেওয়া হয়। আপত্তিগুলির মধ্যে ০১টি আপত্তিতে ১৬,৫৬১ টাকা ভ্যাট ও আয়কর কম কর্তন করা হয় মর্মে উল্লেখ করা হয়। অবশিষ্ট ০৬টি আপত্তি পর্যবেক্ষণ সংশ্লিষ্ট। উক্ত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ বিভাগের ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত ১০৬ নম্বর স্মারকের মাধ্যমে ব্রডশিট জবাব প্রদান করা হয়। এছাড়া ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১০টি	২২৮.৩৭	-	-	১০টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৮টি**	**৯১৫.৫৩৫**	**০৪**	**-**	**২১টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা:**নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-২	-	-	-	-	২	-
দুর্নীতি দমন কমিশন-২৭	-	-	১	-	২৬	২
মোট=২৯	-	-	১	-	২৮	২

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদবিভাগ	১।	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১৪ অক্টোবর ২০২০ থেকে ১৫ অক্টোবর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	২।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১৮ অক্টোবর ২০২০ থেকে ১৯ অক্টোবর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৩।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২০ অক্টোবর ২০২০ থেকে ২১ অক্টোবর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) চলমান রয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নাই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নাই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নাই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক চারটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত পাঁচটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২১টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে ০৯টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর ২০২০) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়।

(৪) ১৫ অক্টোবর ২০২০ তারিখে 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি' এবং ২৫ অক্টোবর ২০২০ তারিখে 'রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের লক্ষ্যে মন্ত্রিসভা কমিটি' পুনর্গঠন করা হয়।

(৫) বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা, বাংলাদেশ সরকারের প্রধান আইন পরামর্শক এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টে সরকারের প্রধান আইনজীবী জনাব মাহবুবে আলম ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে সম্মিলিত সামরিক হাসপাতাল-এ চিকিৎসাধীন অবস্থায় ৭১ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি... রাজিউন)। অ্যাটর্নি-জেনারেল জনাব মাহবুবে আলম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে গৃহীত শোকপ্রস্তাব ০৪ অক্টোবর ২০২০ তারিখে প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ১৪ অক্টোবর ২০২০ তারিখে দুবাই, সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ২৭ অক্টোবর ২০২০ তারিখে প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৭) কুয়েতের আমির ও বাংলাদেশের অকৃত্রিম বন্ধু শেখ সাবাহ আল-আহমেদ আল-জাবের আল-সাবাহ ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে ৯১ বছর বয়সে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি... রাজিউন)। বাংলাদেশের এ পরম হিতৈষীর ইন্তেকালে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার ও কুয়েতের জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে ০৭ অক্টোবর ২০২০ তারিখে গৃহীত শোকপ্রস্তাব ১৮ অক্টোবর ২০২০ তারিখের প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৮) দেশের বিশিষ্ট কথাসাহিত্যিক ও মুক্তিযুদ্ধ-গবেষক জনাব রশীদ হায়দার ১৩ অক্টোবর ২০২০ তারিখে ৭৯ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ..... রাজিউন)। জনাব রশীদ হায়দারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে ১৯ অক্টোবর ২০২০ তারিখে গৃহীত শোকপ্রস্তাব ২৯ অক্টোবর ২০২০ তারিখের প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) ১৬ অক্টোবর ২০২০ তারিখে প্রকাশিত 'বিশ্ব ক্ষুধা সূচক-২০২০' অনুযায়ী ক্ষুধা নিবারণের ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়ন-দ্রুতগামিতার প্রবল প্রভাব অধিকতর পরিলক্ষিত হয়েছে — দক্ষিণ এশিয়ায় ভারত ও পাকিস্তানকে ছাড়িয়ে গেছে বাংলাদেশ। ২০২০ সালের বিশ্ব ক্ষুধা সূচকে ১০৭টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৭৫তম। অন্যদিকে এই সূচকে পাকিস্তানের অবস্থান ৮৮তম ও ভারতের ৯৪তম। গ্লোবাল হাঙ্গার ইনডেক্স (জিএইচআই)-এর প্রকাশিত তথ্য অনুযায়ী, বাংলাদেশের এবারের স্কোর ২০ দশমিক ৪। বছর ১১৭টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ৮৮তম, যেখানে পাকিস্তানের অবস্থান ছিল ৯৪তম এবং ভারতের ছিল ১০২তম। 'বিশ্ব খাদ্য সূচক ২০২০'-এ অসামান্য অর্জন আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে, 'বিশ্ব খাদ্য সূচক ২০২০'-এ বাংলাদেশের অবস্থান উন্নততর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে ১৯ অক্টোবর ২০২০ তারিখে গৃহীত অভিনন্দন প্রস্তাব ২৯ অক্টোবর ২০২০ তারিখের প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) দেশের খ্যাতিমান ও প্রবীণ আইনজীবী এবং সাবেক অ্যাটর্নি-জেনারেল ব্যারিস্টার রফিক-উল হক ২৪ অক্টোবর ২০২০ তারিখে ৮৫ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। ব্যারিস্টার রফিক-উল হক-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভা-বৈঠকে ২৫ অক্টোবর ২০২০ তারিখে গৃহীত শোকপ্রস্তাব ২৯ অক্টোবর ২০২০ তারিখের প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) বাংলাদেশের অকৃত্রিম বন্ধু কুয়েতের আমির শেখ সাবাহ আল-আহমেদ আল-জাবের আল-সাবাহ-এর ইন্তেকালে ০১ অক্টোবর ২০২০ তারিখ বৃহস্পতিবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০১ দিনের শোক পালন করা হয়। এ উপলক্ষে ০১ অক্টোবর ২০২০ তারিখ বৃহস্পতিবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং মরহুমের রুহের মাগফেরাতের জন্য বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

(১২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতির পিতার গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্ত এবং প্রণীত আইন/বিধিমালাসমূহের সংকলন প্রকাশের লক্ষ্যে গঠিত কমিটির সভা ৫ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

(১৩) নাটোরস্থ উত্তরা গণভবন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য চলতি অর্থবছরের (২০২০-২১) দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) জন্য ১৯ অক্টোবর ২০২০ তারিখে মোট ১৭,০০,০০০.০০ টাকার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়।

(১৪) অক্টোবর ২০২০ মাসে মাঠপ্রশাসন ও শৃঙ্খলা অধিশাখায় সর্বমোট ১০টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগগুলির বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর বরাবর পত্র প্রেরণ করা হয়। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে অক্টোবর ২০২০ মাসে এ অধিশাখায় ১২টি অভিযোগ নিষ্পত্তি করা হয় এবং অবশিষ্ট অভিযোগসমূহের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। তদন্তাধীন ২০টি অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর তাগিদপত্র দেওয়া হয়।

(১৫) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বর দ্বিতীয় ও অক্টোবর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(১৬) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ ধরা বন্ধের তারিখ নির্ধারণ এবং মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২০ বাস্তবায়নে জাতীয় টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণীর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) ১৪ অক্টোবর ০৪ নভেম্বর ২০২০ পর্যন্ত ২২ দিনব্যাপী ইলিশের প্রধান প্রজনন মৌসুমে 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২০' সফল করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) সামাজিক নিরাপত্তার আওতায় সকল কর্মসূচি বায়োমেট্রিক পদ্ধতিতে বাস্তবায়নের বিষয়ে পরীক্ষাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিনিয়র সচিব, সচিব, বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ), ২০২০ উদ্‌যাপনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) অক্টোবর ২০২০ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভা ১৮ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

(২৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ২১ অক্টোবর ২০২০ তারিখে 'বালুমহাল ব্যবস্থাপনা' বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৪ অক্টোবর ২০২০ তারিখে ই-মিউটেশন আরো যুগোপযোগী ও শক্তিশালীকরণের লক্ষ্যে সাভার উপজেলায় বিশেষ সভা অনুষ্টিত হয়।

(২৪) কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (Second wave) মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি এবং করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।

(২৫) দুর্নীতি দমন কমিশন থেকে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী অক্টোবর ২০২০ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারিদের মামলায় ৩৯ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ০১ জনের বিরুদ্ধে এফ.আর.টি দাখিল করা হয়। এছাড়া, ৮৬ জনের বিষয়ে অনুসন্ধান নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

(২৬) বিভিন্ন আইনে ২২ জন কর্মকর্তাকে নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৭) একাদশ জাতীয় সংসদের নির্বাচনী এলাকায় নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে চারটি পরিপত্র জারি করা হয়।

(২৮) মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফশিলে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ অন্তর্ভুক্তি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) সরকারি দায়িত্ব পালনকালে হয়রানি/হামলা/ভাঙচুর এর কারণে দায়েরকৃত/বিচারাধীন মামলার তথ্য প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে কমিটির কার্যক্রম আরো জোরদার করতঃ সামাজিক আন্দোলন গড়ে তোলা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা

প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) ধান ও চালের বাজার মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে মোবাইল কোর্টের মাধ্যমে মজুদ বিরোধী অভিযান জোরদারকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) শারদীয় দুর্গাপূজা-২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে পূজা মন্ডপসমূহের নিরাপত্তা, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ, করোনা প্রতিরোধে করণীয় ও প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) ৫১টি মন্ত্রণালয়/বিভাগের অনলাইন ও অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করা হয়।

(৩৪) ৬-৮ অক্টোবর ২০২০ ও ১৩-১৪ অক্টোবর ২০২০ তারিখে ৫টি ব্যাচে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়।

(৩৫) যে সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়না সে সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩৬) ১৮-২২ অক্টোবর ২০২০ তারিখে ৫টি ব্যাচে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেনস্ চার্টার বিষয়ক সেবাবক্স সঠিকক্রমে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(৩৭) ১৩ অক্টোবর ২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রথম ত্রৈমাসিকের প্রতিবেদন দাখিলের সময়সীমা সংক্রান্ত পত্র সকল মন্ত্রণালয়/বিভাগ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।

(৩৮) ১৮ অক্টোবর ২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের মন্ত্রিপরিষদ বিভাগের নৈতিকতা কমিটির প্রথম সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

(৩৯) ২৯ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে ৮টি পাইলট উপজেলা পরিষদের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা হালনাগাদপূর্বক স্ব স্ব উপজেলা পরিষদের ওয়েবসাইটে আপলোডকরণ এবং এ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত পত্র দেয়া হয়।

(৪০) ০৬ অক্টোবর ২০২০ তারিখে কোভিড-১৯ মোকাবেলায় গৃহীত কার্যক্রম এবং ভবিষ্যৎ প্রস্তুতির তথ্য প্রেরণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়।

(৪১) ১ এবং ৪ অক্টোবর ২০২০ তারিখে ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার স্বমূল্যায়িত প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৪২) ১৩টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন সংক্রান্ত প্রমাণক যাচাই করা হয়। ১৩টি মন্ত্রণালয়/বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধন প্রস্তাবসমূহ এ সংক্রান্ত কারিগরি কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত করা হয়। ১২টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(৪৩) ২টি বিভাগীয় কমিশনার অফিস (খুলনা, বরিশাল) এর ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়।

(৪৪) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন সম্পাদন করা হয়।

(৪৫) ইনফরমেশন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে এফসিআর প্রেরণ এবং প্রস্তুত সংক্রান্ত কাজে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক-এর কার্যালয় এবং এ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখায় প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৪৬) ০৬, ২০ ও ২৭ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভার কার্যপত্রের ওপর মন্ত্রিপরিষদ বিভাগের সংক্ষিপ্ত নোট প্রস্তুত করে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়।

(৪৭) ০১ অক্টোবর ২০২০ তারিখ Feasibility Study-এর Format এর ওপর মতামত প্রদান সংক্রান্ত পত্র এ বিভাগের প্রকল্প শাখা বরাবর প্রেরণ করা হয়।

(৪৮) ০৬ অক্টোবর ২০২০ তারিখ বিদেশস্থ বাংলাদেশ মিশনে কর্মকর্তা পদায়নকালে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট দূতাবাসের সঙ্গে সম্পৃক্ততার বিষয়ে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বরাবর প্রেরণ করা হয়।

(৪৯) ১১ অক্টোবর ২০২০ তারিখ ভারতীয় Line of Credit (LoC) এর আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বরাবর প্রেরণ করা হয়।

(৫০) ১৯ অক্টোবর ২০২০ তারিখ অনাকাঙ্ক্ষিত বিস্ফোরণ প্রতিরোধ বিষয়ক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বরাবর প্রেরণ করা হয়।

(৫১) ২০ অক্টোবর ২০২০ তারিখ সারাদেশে সুষ্ঠু নৌ-যোগাযোগ নিশ্চিত করার লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বরাবর প্রেরণ করা হয়।

(৫২) ২৫ অক্টোবর ২০২০ তারিখ বিসিএস (প্রশাসন) ক্যাডারের সঙ্গে বিসিএস (ইকনমিক) ক্যাডার একীভূতকরণের ফলে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রশাসনিক ও ব্যবস্থাপনা বিষয়ে সংস্কারের প্রয়োজনীয়তা পর্যালোচনা এবং এ বিষয়ে কার্যক্রম গ্রহণের প্রয়োজনে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৫৩) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২০-২১ অর্থবছরের অক্টোবর ২০২০ মাসের এডিপি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়।

(৫৪) ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে বৈদেশিক সাহায্যপুষ্ট সকল চলমান ও অনুমোদিত নতুন প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য বরাদ্দ প্রাক্কলন নির্ধারণের জন্য তথ্য চেয়ে সকল প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৫) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলায় বর্জ্য ব্যবস্থাপনা এবং সুপেয় পানি সরবরাহের দুটি প্রকল্প কিভাবে পাশাপাশি/নিকটবর্তী অবস্থানে গ্রহণ করা হলো সে বিষয়ে দ্রুত একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করার জন্য জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৬) 'সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন আইনের অসংগতি পর্যালোচনা কমিটির সভা ৪ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

(৫৭) দেশের ৮টি হাসপাতালের ২৬৫ জন চিকিৎসক এর জন্য MCCoD সংক্রান্ত প্রশিক্ষণ ১৩-১৯ অক্টোবর ২০২০ মেয়াদে আয়োজন করা হয়।

(৫৮) National Committee for Monitoring Implementation of Doing Business Reforms (NCMID)-এর ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুমোদন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়।

(৫৯) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্লীপিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ ক্লীপিংগুলি পাঁচটি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৬০) সমরপুস্তকের দুই জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র (জুলাই ২০২০ প্রান্তিক-এর) সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হচ্ছে।

গ.আগামী (নভেম্বর-ডিসেম্বর) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে প্রস্তাব পর্যালোচনা ও বাস্তবায়নে আইনগত পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত কমিটির সভা; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা; সচিব সভা; সমন্বয় ও সংস্কার ইউনিটের দ্বি-মাসিক সমন্বয় সভা; সমন্বয় অনুবিভাগের মাসিক সমন্বয় সভা; স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত সভা এবং মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ কমিটি সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ২০টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) 'আইনের খসড়া পরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র মতামতসমূহ WAR BOOK, 1977 (Revised in 2018)-এর খসড়ায় অন্তর্ভুক্তসহসমরপুস্তক চূড়ান্তকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়কালে গৃহীত পরিকল্পনাসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নথিপত্র জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণ সংক্রান্ত কার্যাবলি।

(৫) ২০১৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি এবং সারসংক্ষেপসমূহ খন্ডবিন্যাস করে পৃষ্ঠা নম্বর প্রদান।

(৬) ১৯৯৪ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসহ সারসংক্ষেপসমূহে পৃষ্ঠা নম্বর প্রদান করে ফটোকপি করা হবে।

(৭) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিতে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৭তম সভা অনুষ্ঠান।

(৮) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা, জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৩তম সভা অনুষ্ঠান।

(৯) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(১০) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১১) করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ভিডিও কনফারেন্সের (জুম অ্যাপ) মাধ্যমে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা আহ্বানের মাধ্যমে প্রস্তাব নিষ্পত্তি।

(১২) করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ভিডিও কনফারেন্সের (জুম অ্যাপ) মাধ্যমে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা আহ্বানের মাধ্যমে প্রস্তাব নিষ্পত্তি।

	(মো: আবদুল্লাহ হারুন) উপসচিব **ফোন:**৯৫৫৭৪৪৯ e-mail: report_sec@cabinet.gov.bd

১৮-১১-২০২০ ১০:২৭:৭
মোঃ আবদুল্লাহ হারুন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), রিপোর্ট অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ